

বাংলাদেশ নির্বাচন কমিশন

নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা।
www.ecs.gov.bd

নম্বর-১৭.০০.০০০০.০১৬.১১.৩৭৩.১৮.৬৫৫

তারিখঃ ১৭ নভেম্বর, ২০১৯

নিয়োগপত্র

নির্বাচন কমিশন (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৮ এবং বিভাগীয় নির্বাচন কমিটির ১০-১১-২০১৯ তারিখের সুপারিশ অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর ১১,৩০০-২৭,৩০০/- (গ্রেড-১২) বেতনক্রমে ক্যাটালগার পদে নিম্নে উল্লিখিত প্রার্থীকে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে বর্ণিত শর্তসাপেক্ষে নিয়োগ প্রদান করা হলোঃ


ক্রমিক	রোল নম্বর	প্রার্থীর, পিতা ও মাতার নাম	বর্তমান ঠিকানা	স্থায়ী ঠিকানা
১	২	৩	৪	৫
১.	১১০০০০৮৫	নাম-এস. এম. শফিকুল ইসলাম পিতা-শেখ লোকমান হোসেন মাতা-শরীফা বেগম	কক্ষ নং-৩০১২, জহুরুল হক হল ডাকঘরঃ ঢাকা বিশ্ববিদ্যালয়-১০০০ উপজেলা/থানাঃ রমনা জেলাঃ ঢাকা।	গ্রাম-হাড়িখালী ডাকঘরঃ হাড়িখালী-৯২৩০ উপজেলা/থানাঃ তেরখাদা জেলাঃ খুলনা

শর্তাবলীঃ

- (১) এই নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী হিসেবে গণ্য হবে;
- (২) যোগদানের তারিখ হতে তাকে ০২ (দুই) বছর শিক্ষানবিস হিসেবে কাজ করতে হবে। কর্তৃপক্ষ প্রয়োজনে শিক্ষানবিসকালের এ মেয়াদ আরও ০১ (এক) বছর বর্ধিত করতে পারবে;
- (৩) শিক্ষানবিসকালে তাঁর চাকরি সন্তোষজনক বিবেচিত না হলে কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে ১৪ দিনের মূল বেতন প্রদান করে চাকরিচ্যুত করা যাবে। এছাড়া, তিনি যদি স্বেচ্ছায় চাকরি হতে অব্যাহতি পেতে চান তবে ১৪ দিনের মূল বেতনের সমপরিমাণ অর্থ সরকারি কোষাগারে ট্রেজারী চালানের মাধ্যমে জমাদানসহ প্রশাসনিক অনুমোদনের মাধ্যমে অব্যাহতি নিতে পারবেন;
- (৪) তিনি যদি বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করার অঙ্গীকারাবদ্ধ হন তাহলে তাঁর এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
- (৫) তাঁর চরিত্র ও পূর্ব কার্যকলাপ সম্পর্কে পুলিশ প্রতিবেদন (Verification) সংগ্রহ করা হবে। পুলিশ প্রতিবেদন সন্তোষজনক না হলে এই নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
- (৬) এ পদে যোগদানের সময় শারীরিক ও মানসিক সুস্থতার স্বপক্ষে ঢাকাস্থ বা স্ব-স্ব জেলার সিভিল সার্জনের নিকট হতে স্বাস্থ্য পরীক্ষা করে ডোপ টেস্ট রিপোর্ট ও শারীরিক সুস্থতার সনদপত্র দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষায় কোন বিরূপ মন্তব্য থাকলে এবং তা কর্তৃপক্ষের নিকট সরকারি চাকরিতে প্রতিবন্ধক হিসেবে প্রতীয়মান হলে তাঁর নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
- (৭) প্রার্থীর নিজ জেলা, নাগরিকত্ব সনদপত্র, শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও দাখিলকৃত অন্যান্য কাগজপত্র যাচাইয়াত্তে কোন ধরণের ভুল বা জালিয়াতি পরিলক্ষিত হলে তাঁর নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
- (৮) সংশ্লিষ্ট পদে/স্কেলে চাকরিকালীন তিনি সরকারি বিধি মোতাবেক ভাতা ও অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন;
- (৯) এই নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয় নাই এইরূপ বিষয়সমূহ সরকারের প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক নির্ধারিত বিধি বিধান দ্বারা নিয়ন্ত্রিত হবে;
- (১০) তাঁর এই নিয়োগ যোগদানের তারিখ হতে কার্যকর হবে; এই নিয়োগ নির্বাচন কমিশন সচিবালয় ও এর আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয়ে বদলিযোগ্য হিসেবে স্বীকৃত;

(১১) চাকরিতে যোগদানের জন্য তাঁকে কোন প্রকার টিএ/ডি,এ বা অন্য কোন ভাতা প্রদান করা হবে না।

২। উল্লিখিত শর্তাবলী প্রার্থী কর্তৃক গৃহীত হলে শারীরিক ও মানসিক সুস্থতার স্বপক্ষে সিভিল সার্জনের নিকট হতে স্বাস্থ্য পরীক্ষা করে ডোপ টেস্ট রিপোর্ট, শারীরিক সুস্থতার সনদপত্র এবং সদ্যতোলা ০১ (এক) কপি সত্যায়িত রঙিন ছবিসহ আগামী ০১-১২-২০১৯ তারিখে সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [দু: আ: উপসচিব (জ.ব্য.)] বরাবর যোগদানপত্র দাখিল করবেন।


(মোঃ সাবেদ উর রহমান)
উপসচিব(জঃব্যঃ)
ফোন-৫৫০০৭৫৩০

প্রাপকঃ




নম্বর-১৭.০০.০০০০.০১৬.১১.৩৭৩.১৮.৬৫৫

তারিখঃ ১৭ নভেম্বর, ২০১৯

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, ঢাকা।
৩. যুগ্মসচিব,(সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৪. মহাপরিচালক, নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা।
৫. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৬. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, (সকল)।
৭. সিভিল সার্জন, (সংশ্লিষ্ট)।
৮. উপসচিব,(সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৯. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার,(সকল)।
১০. নির্বাচন কমিশন সচিবালয় ও নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউটের কর্মকর্তা (সকল)।
১১. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, সিএন্ডএজি, পিএসসি ও নির্বাচন কমিশন, সচিবালয় ভবন(৩য় ফেজ), সেগুনবাগিচা, ঢাকা।
১২. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা(সংশ্লিষ্ট)।
১৩. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ১৪-১৭ মাননীয় নির্বাচন কমিশনার জনাব এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৮. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৯. উপজেলা/থানা নির্বাচন অফিসার, (সকল)।
২০. নির্বাচন কর্মকর্তা, (সকল)।
২১. উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, (সংশ্লিষ্ট)।


নুর নাহার ইসলাম
সহকারী সচিব (জ.ব্য.-২)